# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৪০

তারিখঃ ২৭ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
১২ নভেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭০৫ তম কমিশন সভা অদ্য ১২/১১/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

আলী সিকিউরিটিজ লিমিটেড (ডিএসই ট্রেক নং- ১০৫) এর বিরুদ্ধে জনাব নওশের আহমেদ (তামান্না)-এর অভিযোগের ভিত্তিতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) পত্র নং-BSEC/SRI/ DSE-Complaints-37/2018/67 তারিখ 19 February 2018 অনুযায়ী ঢাকা স্টক এক্সচেঞ্জ এর তদন্ত প্রতিবেদনে আলী সিকিউরিটিজ লিমিটেড (ডিএসই ট্রেক নং ১০৫) এবং অনুমোদিত প্রতিনিধি জনাব সৈয়দ তানভির আহমেদ এর নিম্নলিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়টি উল্লেখ করা হয়েছেঃ

(ক) আলী সিকিউরিটিজ লিমিটেড জনাব নওশের আহমেদ (তামান্না)-এর আফতাব অটোমোবাইলস এর ৩১,১০০ শেয়ার প্রতিটি ৭১.০০ টাকা মূল্যে সর্বমোট ২১,৬৫,০০০/- টাকায় বিক্রি করেন। আলী সিকিউরিটিজ লিমিটেড জনাব নওশের আহমেদ (তামান্না)-এর চাহিদার প্রেক্ষিতে তাকে ৭,০০,০০০/- লক্ষ টাকা প্রদান করেন এবং অবশিষ্ট ১৪,৬৫,০০০/- টাকা নগদ প্রদানে ব্যর্থ হওয়ার কারণে আলী সিকিউরিটিজ লিমিটেড সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টকডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর আচরণ বিধি ১ লংঘন করেছেন।

(খ) জনাব নওশের আহমেদ (তামান্না)-এর অভিযোগের প্রেক্ষিতে তদন্ত প্রতিবেদন ও পোর্টফলিও ষ্টেটমেন্ট থেকে প্রতীয়মান হয় যে আলী সিকিউরিটিজ লিমিটেড এর অনুমোদিত প্রতিনিধি জনাব সৈয়দ তানভির আহমেদ-এর অফিস হতে প্রদত্ত পোর্টফোলিও ষ্টেটমেন্ট-এ মেঘনা সিমেন্ট-এর ১২,০০০ টি শেয়ার (ক্রয় মূল্য ১৪,৯৭,৬০০/-) রয়েছে কিন্তু আলী সিকিউরিটিজ লিমিটেড এর প্রধান কার্যালয় থেকে প্রদত্ত ষ্টেটমেন্টে মেঘনা সিমেন্ট-এর ১২,০০০ টি শেয়ার নাই। আলী সিকিউরিটিজ লিমিটেড-এর এর অনুমোদিত প্রতিনিধি জনাব সৈয়দ তানভির আহমেদ-এর অফিস হতে মিথ্যা ষ্টেটমেন্ট প্রদানের মাধ্যমে অনুমোদিত প্রতিনিধি জনাব সৈয়দ তানভির আহমেদ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টকডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর আচরণ বিধি ১, ২(২), ২(৩) এবং ৬ লংঘন করেছেন।

(গ) আলী সিকিউরিটিজ লিমিটেড এর অনুমোদিত প্রতিনিধি জনাব সৈয়দ তানভির আহমেদ-এর অফিস হতে প্রদত্ত মিথ্যা পোর্টফোলিও ষ্টেটমেন্ট দেওয়ার মাধ্যমে আলী সিকিউরিটিজ লিমিটেড এবং অনুমোদিত প্রতিনিধি জনাব সৈয়দ তানভির আহমেদ Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 লংঘন করেছেন।

উক্ত সিকিউরিটিজ আইন লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় আলী সিকিউরিটিজ লিমিটেড-কে আগামী ৩০ দিনের মধ্যে অভিযোগকারী জনাব নওশের আহমেদ এর যাবতীয় পাওনা পরিশোধ করার জন্য নির্দেশনা প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

উল্লেখ্য, উক্ত নির্দেশনা পরিপালন না করলে আলী সিকিউরিটিজ ও তার অনুমোদিত প্রতিনিধি জনাব সৈয়দ তানভির আহমেদ-এর নিবন্ধন সনদ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টকডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১২ মোতাবেক কেন বাতিল করা হবে না এ বিষয়ে এনফোর্সমেন্ট বিভাগ শুনানী সম্পন্ন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি কমিশনে উপস্থাপন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

১২/১১/২০১৯

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd